

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সিআর-৩ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

নং-০৫.০০.০০০০.১০২.২২.০০৩.১৫- ৫৭


১৪ কার্তিক, ১৪২২  
তারিখঃ.....  
২৯ অক্টোবর, ২০১৫

বিষয়: ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ/ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষ কর্তৃক গোপনীয় অনুবেদনে প্রদত্ত বিরূপ মন্তব্য যথাসময়ে নিষ্পত্তিকরণ সংক্রান্ত।

সূত্র: নং-০৫.১০২.২২.০০.০০১.২০১২-৫৮, তারিখ: ২৩.০৯.২০১২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে জারিকৃত গোপনীয় অনুবেদন সংক্রান্ত অনুশাসনমালার চতুর্থ অধ্যায়ের ৪.১ হতে ৪.৭ নং অনুচ্ছেদে গোপনীয় অনুবেদনে প্রদত্ত বিরূপ মন্তব্য প্রক্রিয়াকরণ ও নিষ্পত্তির বিষয়ে নির্দেশনা রয়েছে। ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষকে গোপনীয় অনুবেদন প্রাপ্তির সাথে সাথে আবশ্যিকভাবে তা যাচাইপূর্বক বিরূপ মন্তব্য পাওয়া গেলে যথাসময়ে উক্ত নির্দেশনা অনুসরণপূর্বক বিরূপ মন্তব্যসমূহ নিষ্পত্তি এবং সূত্রোক্ত অনুশাসনমালা অনুযায়ী কর্মকর্তাগণের গোপনীয় অনুবেদন/ডোসিয়ারসমূহ ব্যবস্থাপনা ও সংরক্ষণ করতে হবে। অন্যথায় এ বিষয়ে ডোসিয়ার সংরক্ষণকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন। উল্লেখ্য, উক্ত অনুশাসনমালা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে ([www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)) সংরক্ষিত আছে এবং ইতঃপূর্বে সকল মন্ত্রণালয়/বিভাগে অনুশাসনমালার কপি প্রেরণ করা হয়েছে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হ'ল।



শেলিনা খানম

সিনিয়র সহকারী সচিব

ফোন- ৯৫৫০৩৯৩

[sascr3@mopa.gov.bd](mailto:sascr3@mopa.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(সদয় অবগতি, প্রয়োজনীয় কার্যক্রম ও অধীনস্থ/সংশ্লিষ্ট সকল দপ্তরকে অবহিত করার বিনীত অনুরোধসহ)।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ।
৩. সচিব, জনবিভাগ/আপনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৪. সচিব/ভারপ্রাপ্ত সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ।
৫. সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।